গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউজ নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারকনং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৬-২৭১

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ:
০৬ আগষ্ট ২০২৬ ইং:

**বিষয়: খাদ্যে ভেজাল ও বিষাক্ত রাসায়নিকের বিস্তার: জনস্বাস্থ্য, অর্থনীতি ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য ভয়াবহ সংকট এবং এ থেকে উত্তরণের উপায় নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০.০৪২.৯৯.০০১.২৪.১০৩: তারিখ: ২০/০৭/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **খাদ্যে ভেজাল ও বিষাক্ত রাসায়নিকের বিস্তার: জনস্বাস্থ্য, অর্থনীতি ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য ভয়াবহ সংকট এবং এ থেকে উত্তরণের উপায় নিশ্চিতকরণ বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা ও করণীয় নিরুপন করা হলো।**

| ক্রম | নির্দেশনা | করণীয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | **নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ** | প্রতিষ্ঠানে সরবরাহকৃত সকল খাদ্য ও পানীয় নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও মানসম্মত উৎস থেকে সংগ্রহ নিশ্চিত করতে হবে। | |
| ০২ | **ক্যান্টিন/খাদ্য বিক্রয় তদারকি** | মাদ্রাসার ক্যান্টিন বা অস্থায়ী খাদ্য বিক্রয়কেন্দ্রে নিয়মিত তদারকি করতে হবে। মেয়াদোত্তীর্ণ, ভেজাল বা অস্বাস্থ্যকর খাদ্য বিক্রয় সম্পূর্ণরূপে নিষিদ্ধ করতে স্থানীয় প্রশাসনের সহায়তা নিতে হবে। | |
| ০৩ | **ফিডিং কার্যক্রম** | সরকারি বা উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় পরিচালিত খাদ্য বিতরণ কার্যক্রম **(যদি থাকে)** এর গুণগত মান, সংরক্ষণ ও বিতরণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | |
| ০৪ | **ক্রয় ব্যবস্থাপনা** | খাদ্যসামগ্রী ক্রয়ের ক্ষেত্রে বৈধ উৎস, চালান, মেয়াদ, লেবেল ও সংরক্ষণ অবস্থা যাচাই করে ক্রয় করতে হবে। | |
| ০৫ | **স্বাস্থ্যবিধি** | হোস্টেলের রান্নাঘর, ডাইনিং এলাকা, পানীয় জলের উৎস ও খাদ্য সংরক্ষণস্থল নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করতে হবে। | |
| ০৬ | **সচেতনতামূলক কার্যক্রম** | নিরাপদ খাদ্য, খাদ্যে ভেজাল, বিষাক্ত রাসায়নিকের ক্ষতিকর প্রভাব এবং স্বাস্থ্যসম্মত খাদ্যাভ্যাস ইত্যাদি বিষয়ে শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারী ও অভিভাবকদের নিয়ে সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করতে হবে। | |
| ০৭ | **শিক্ষার্থী অসুস্থ হলে ব্যবস্থা** | খাদ্য গ্রহণজনিত অসুস্থতার ঘটনা ঘটলে দ্রুত চিকিৎসার ব্যবস্থা গ্রহণ, অভিভাবককে অবহিত করাসহ স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং স্থানীয় প্রশাসনকে তাৎক্ষণিকভাবে জানাতে হবে। | |
| ০৮ | **অভিযোগ গ্রহণ ও প্রতিকার** | খাদ্যে ভেজাল, অনিয়ম বা প্রতারণা সম্পর্কিত অভিযোগ গ্রহণের ব্যবস্থা রাখতে হবে এবং প্রয়োজনীয় প্রতিকারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ০৯ | **তদারকি কমিটি** | প্রতিষ্ঠান প্রধানের নেতৃত্বে অন্তত ৫ সদস্যবিশিষ্ট "নিরাপদ খাদ্য তদারকি কমিটি" গঠন করে মাসিক সভা ও পরিদর্শন পরিচালনা করতে হবে। | |
| ১০ | **আশপাশের দোকান পর্যবেক্ষণ** | মাদ্রাসা সংলগ্ন দোকানে অস্বাস্থ্যকর বা নিষিদ্ধ খাদ্য বিক্রয়ের বিষয়টি সংশ্লিষ্ট প্রশাসনকে অবহিত করতে হবে এবং শিক্ষার্থীদের এসব খাদ্য গ্রহণে নিরুৎসাহিত করতে হবে। | |
| ১১ | **প্রচার ও প্রদর্শন** | নিরাপদ খাদ্যবিষয়ক পোস্টার, ব্যানার ও নির্দেশনা দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে এবং জাতীয় নিরাপদ খাদ্য দিবসসহ সংশ্লিষ্ট কর্মসূচি পালন করতে হবে। | |

**বিশেষ নির্দেশনা:**

ক.কোনো অবস্থাতেই শিক্ষার্থীদের জন্য ক্ষতিকর, ভেজাল বা অনুমোদনহীন খাদ্যসামগ্রী প্রতিষ্ঠানের ভেতরে বিক্রয় বা বিতরণ করার অনুমতি দেয়া যাবে না।

খ. খাদ্যজনিত কোনো অস্বাভাবিক ঘটনা ঘটলে বা অসুস্থ হলে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা ও করণীয় প্রতিপালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬/০৮/২০২৬

মোঃ শামিউল ইসলাম প্রামানিক
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ / সুপার/ ইবতেদায়ী প্রধান
সকল সরকারি ও বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসা

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, (সকল)
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সকল)
৩। জেলা শিক্ষা অফিসার, সকল
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সকল)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CS CamScanner

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
প্রাপ্তি নং ১০৪৬
তারিখ ২০/০৭/২০২৬
পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন)
সহকারী পরিচালক (সাঃ ও সিনিঃ মাদ্রাসা/প্রশাসন/দাখিল ও এবং মাদ্রাসা/অর্থ/অডিট ও আইন/প্রশিঃ ও পরিকল্পনা/গবেষণা ও উন্নয়ন)
নথিতে দিন
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর-৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০১.২৪.১০৩

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩
২০ জুলাই ২০২৬

বিষয়: খাদ্যে ভেজাল ও বিষাক্ত রাসায়নিকের বিস্তার: জনস্বাস্থ্য, অর্থনীতি ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য ভয়াবহ সংকট এবং এ থেকে উত্তরণের উপায় নিশ্চিতকরণ।

সূত্র-১: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.০০০.০৭৫.০৩.০০০৩.২৬.৪৬১; তারিখ ১৫ জুন ২০২৬
সূত্র-২: বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং ২৬.০০.০০০০.০০০.১১৫.১৬.০০০০২.২২.৪৩; তারিখ: ০১ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য ও পণ্য দূষণের স্তর, প্রযুক্তিনির্ভর জালিয়াতি ও বিপণন অপকৌশল, সুনির্দিষ্ট অনিয়ম ও ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল, অভিযুক্ত প্রতিষ্ঠান, সংশ্লিষ্ট পক্ষ ও সাম্প্রতিক অভিযানের রেকর্ড, স্কুল ফিডিং প্রকল্পে অনিয়ম ও শিশুদের গণ-অসুস্থতা, জনস্বাস্থ্যের ওপর দীর্ঘমেয়াদী প্রভাব ও নীরব মৃত্যু, অর্থনৈতিক ক্ষতি ও সরকারি রাজস্ব বিপর্যয়, প্রতিষ্ঠানিক সীমাবদ্ধতা ও তদারকি সংস্থা ব্যর্থতা, আঞ্চলিক চিত্রসহ কতিপয় সুপারিশের সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, খাদ্যে ভেজাল ও বিষাক্ত রাসায়নিকের বিস্তার: জনস্বাস্থ্য, অর্থনীতি ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য ভয়াবহ সংকট এবং এ থেকে উত্তরণের উপায় নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণানামতে ৬ (ছয়) পাতা।

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
ডায়েরি নং ৮৪৬ তাং ২১/৭/২৬

| | |
|---|---|
| উপ-পরিচালক (প্র) | পরিদর্শক (ক) |
| উপ-পরিচালক (অ) | পরিদর্শক (খ) |
| সহকারী পরিচালক (প্র) | পরিদর্শক (গ) |
| সহকারী পরিচালক (সি) | পরিদর্শক (ঘ) |
| সহকারী পরিচালক (দা.এ) | পরিদর্শক (ময়) |
| পরিদর্শক (তা ও সি) | |
| পরিদর্শক (চট্ট) | পরিচালক |

২০/০৭/২০২৬
(ড. মো: মনিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৫৫১০১৩৪৮
sascordinet@tmed.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা;
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা;
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা;
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

স্মারক নম্বর ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০১.২৪.১০৩/১(৫)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩
২০ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় [দৃ: আ: উপসচিব আইআইটি -৫ শাখা] ঢাকা;
২) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয় [দৃ: আ: উপসচিব রাজনৈতিক -২ শাখা] ঢাকা;
৩) যুগ্মসচিব (প্রশাসন-০৩ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৪) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৫) অফিস কপি।

২০/০৭/২০২৬
(ড. মো: মনিরুল ইসলাম)
উপসচিব

CamScanner